

আমার জীবনপাত্র উচ্ছলিয়া মাধুরী করেছ দান—  
 তুমি জান নাই, তুমি জান নাই,  
 তুমি জান নাই তার মূল্যের পরিমাণ ॥  
 রজনীগন্ধা অগোচরে  
 যেমন রজনী স্বপনে ভরে সৌরভে,  
 তুমি জান নাই, তুমি জান নাই,  
 তুমি জান নাই, মরমে আমার ঢেলেছ তোমার গান ॥  
 বিদায় নেবার সময় এবার হল—  
 প্রসন্ন মুখ তোলো, মুখ তোলো, মুখ তোলো—  
 মধুর মরণে পূর্ণ করিয়া সাঁপিয়া যাব প্রাণ চরণে ।  
 যারে জান নাই, যারে জান নাই, যারে জান নাই,  
 তার গোপন ব্যথার নীরব রাত্রি হোক আজি অবসান ॥

---

Parjaay: Prem / Shyama, Taal: Dadra, Raag: Ramkeli  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail